

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা

স্বাক্ষরিত  
২০১৭

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১৬৬.২০১৭ ৩৩০৩

তাং ১৫-০৬-২০১৭ খ্রিঃ


বিষয় : মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ৫০৪১/২০১৭ এর প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়ের প্রসঙ্গে।

সূত্র : উপজেলা-১ শাখার ইউ,ও,নোট নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০৫৬.২০১৫-৭০৯ তাং- ০৪ জুন, ২০১৭ খ্রিঃ।

গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আবু তালেব সরকার এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে এ বিভাগের ২৩/০৩/২০১৭ তারিখের ৩৭১ নং প্রজ্ঞাপনমূলে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং- ৫০৪১/২০১৭ দায়ের করা হয়। মাননীয় আদালত কর্তৃক রীট পিটিশন নং- ৫০৪১/২০১৭ এ প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়েরের জন্য উপজেলা-১ শাখা হতে আইন অধিশাখাকে অনুরোধ করা হয়েছে। রীট মামলাটি প্রতিদ্বন্দিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক

০২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২(দুই) সেট এ বিভাগের আইন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : ----- ফর্দ।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব  
☎ ৯৫৪০৯৯৫

জেলা প্রশাসক  
গাইবান্ধা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। অফিস কপি/মাষ্টার কপি।